শেখ হাসিনার উদ্যোগ

# মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি

MOULVIBAZAR PALLI BIDYUT SAMITY

শ্রীমঙ্গল, মৌলভীবাজার

MOULVIBAZAR P.B.S.

ISO 9001:2015 Certified

০৮৬২৬-৭১৪৫৩ @ mbazar_pbs@yahoo.com

pbs.moulvibazar.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৮৮৩.৫০৬.০২.০০৮.২১. ৯৫৯৭

তারিখঃ ২৯ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ / ১৪ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

## " নিয়োগ বিজ্ঞপ্তি "

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিতে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকা বেতন পরিধিতে পবিস নির্দেশিকা/ সর্বশেষ সার্কুলার অনুযায়ী বেতন ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ০১। | **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২(বায়ান্ন) বছর **(০৪/০৪/২০২১ খ্রিঃ তারিখে)**। সর্বোচ্চ নবম চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন। |
| | | | ০২। | **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক) পদে ০৩(তিন) বছর/ ০৬(ছয়) বছর/ ০৯(নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। |
| | | | ০৩। | **অন্যান্য যোগ্যতাঃ**<br>ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে।<br>খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>গ) প্রার্থীর পাটিগণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। |

**শর্তাবলীঃ**

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ**

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট **(pbs.moulvibazar.gov.bd)** হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী **০৪/০৪/২০২১খ্রিঃ** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত বা হাতে হাতে বা উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) স্বহস্তে লিখিত ডাউনলোডকৃত আবেদন ফরম।

(খ) ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি।

(গ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি।

(ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি।

(ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে এবং উক্ত সনদে সর্বশেষ বেতন উল্লেখ থাকতে হবে।

(ছ) একাধিক পবিস-এ চাকুরী সম্পন্ন প্রার্থীগণকে অবশ্যই একাধিক পবিস এর চাকুরীর "অভিজ্ঞতা সনদ" দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

০৩। নির্বাচিত প্রার্থীকে ০৩(তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন ক হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে পরবর্তী ০৩(তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। একই ভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯(নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

০৪। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে **১০,০০০.০০ (দশ হাজার) টাকা** নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্মতারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসতে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত কোন পদে দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ করতে হবে।

(গ) ইতোপূর্বে অত্র পবিস-এ যে কোন পদে চাকুরী করে থাকলে অথবা বর্তমানে কর্মরত থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(ঘ) অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

(ঙ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(চ) দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। প্রতারণামূলকভাবে দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

(ছ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত অত্র সমিতিতে নিয়োগের জন্য উপযুক্ত হিসেবে গণ্য হবেন না। তবে সর্বশেষ চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী ০৩(তিন) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র সমিতিতে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।

(ঝ) বাপবিবোর্ডের সর্বশেষ জারীকৃত সার্কুলার/নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

(ঞ) নিয়োগপ্রাপ্ত চুক্তিভিত্তিক মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্য বলবৎ থাকবে, যা কোন ক্রমেই নিয়মিত হবে না।

(ট) খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

(ঠ) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

(ড) মৌলভীবাজার জেলার কোন মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর আবেদন করার প্রয়োজন নাই।

( জিয়াউর রহমান )
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

**অনুলিপিঃ ( সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধসহ )**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,............................................পবিস ১/২/৩/৪।
০৪। ডিজিএম, সদর দপ্তর-কারিগরি/বড়লেখা/মৌলভীবাজার/রাজনগর/কমলগঞ্জ জোনাল অফিস, মৌলভীবাজার পবিস।
০৫। এজিএম(প্রশাসন/ওএন্ডএম/ইএন্ডসি/এইচআর/সদস্যসেবা/অর্থ-রাজস্ব/অর্থ-হিসাব),মৌলভীবাজার পবিস।
০৬। জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি), মৌলভীবাজার পবিস (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইট ও সকল পবিস-এ প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন)।
০৭। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, মৌলভীবাজার পবিস।
০৮। অফিস ফাইল/মাস্টার ফাইল।

( জিয়াউর রহমান )
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)